

AKASHVANI (AIR)

RNU : KOLKATA

Bengali Text Bulletin

Date 11-11-2025

Time: 7.35 A.M.

বিশেষ বিশেষ খবরঃ-

১) দিল্লির লালকেঁজা মেট্রো স্টেশনের কাছে গতসন্ধ্যায় শক্তিশালী বিস্ফোরণে ৮ জনের মৃত্যু হয়েছে। আহত আরো কয়েকজন।

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ জানিয়েছেন, ঘটনার উপযুক্ত তদন্ত করে প্রকৃত কারণ প্রকাশ্যে আনা হবে।

শোক প্রকাশ রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী, মুখ্যমন্ত্রী সহ বহু বিশিষ্ট ব্যক্তির।

দিল্লির বিস্ফোরণের প্রেক্ষিতে কলকাতাতেও জারি করা হয়েছে চূড়ান্ত সতর্কতা। আঁটো সাঁটো করা হয়েছে নিরাপত্তা।

২) এনুমারেশন ফর্মে ভোটারের ছবি বাধ্যতামূলক নয় বলে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতর জানিয়েছে।

এদিকে এসআইআর এর কাজে নিযুক্ত বিএলওরা যথাযথভাবে কাজ না করলে তাদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশ দিয়েছে কমিশন।

৩) বিজেপি, তৃণমূল কংগ্রেস শিবির থেকে এসআইআর ফর্ম পূরণ না করানোর আজি জানিয়েছে।

৪) প্রত্যন্ত ও গ্রামীণ এলাকায় অত্যাধুনিক চিকিৎসা পরিয়েবা পৌঁছে দিতে রাজ্য সরকার ২১০ টি নতুন মোবাইল মেডিক্যাল ইউনিট চালু করছে।

৫) রাজ্য জুড়ে শীতের আমেজ। দক্ষিণবঙ্গে তাপমাত্রা আজ অনেকটাই কমেছে।

দিল্লির লালকেল্লা মেট্রো স্টেশনের কাছে গতসন্ধ্যায় শক্তিশালী বিস্ফোরণে ৮ জনের মৃত্যু হয়েছে। আহত আরো কয়েকজন। তাদের লোকনায়ক জয়প্রকাশ নারায়ণ হাসপাতালে চিকিৎসা চলেছে।

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ জানিয়েছেন, সন্ধ্যা ৭ টা নাগাদ একটি ট্রাফিক সিগন্যালে আই টোয়েন্টি গাড়িতে এই বিস্ফোরণ ঘটে। এর তীব্রতায় ক্ষতিগ্রস্ত হয় আশাপাশের আরও কয়েকটি গাড়ি। আহত হন পথচারী এবং গাড়ি ও অটো রিস্কার আরোহীরা। বিস্ফোরণ স্থল ও হাসপাতাল পরিদর্শন করে স্বরাষ্ট্র মন্ত্রী দিল্লীর পুলিশ কমিশনার, জাতীয় তদন্তকারী সংস্থা NIA-এর মহা নির্দেশক এবং ইন্টেলিজেন্স ব্যুরো IB-র ডিরেক্টরের সঙ্গে কথা বলেন। NSG, NIA এবং ফরেঙ্গিক বিভাগকে দ্রুত এবং তৎপরতার সঙ্গে পদক্ষেপ নেওয়ার নির্দেশ দেন। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, ঘটনার খবর পাওয়ার ১০ মিনিটের মধ্যেই দিল্লীর অপরাধ দমন ও বিশেষ শাখা সেখানে পৌঁছয়। পরে সাংবাদিকদের স্বরাষ্ট্র মন্ত্রী বলেন, এই ঘটনার উপযুক্ত তদন্ত করে প্রকৃত কারণ প্রকাশ্যে আনা হবে।

স্বরাষ্ট্র মন্ত্রী আরও জানান, বিস্ফোরণের পর প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী তাঁকে ফোন করে ঘটনার বিশদ খোঁজ খবর নেন। উত্তৃত পরিস্থিতির প্রেক্ষিতে স্বরাষ্ট্রমন্ত্রকের পদস্থ আধিকারিকদের নিয়ে আজ এক গুরুত্বপূর্ণ বৈঠক ডাকা হয়েছে বলে অমিত শাহ জানিয়েছেন।

বাইট অমিত

তিনি আরও বলেন, এনএসজি, এনআইএ ও ফরেন্সিক দল তদন্তের কাজ শুরু করেছে। সমস্ত সিসিটিভি ক্যামেরা খতিয়ে দেখারও নির্দেশ দেওয়া হয়েছে।

দিল্লির পুলিশ কমিশনার সতীশ গোলচা সাংবাদিকদের জানিয়েছেন, সন্ধে ৬-টা ৫২ মিনিট নাগাদ একটি গাড়ি ধীর গতিতে এসে লালবাতির সামনে দাঁড়িয়ে যায়। তখনই সেটিতে বিস্ফোরণ ঘটে। বেআইনী কার্যকলাপ প্রতিরোধ আইন, ইউএপিএ বিস্ফোরক আইন ও ভারতীয় ন্যায় সংহিতার বিভিন্ন ধারায় মামলা রঞ্জু করা হয়েছে।

এদিকে, লোকনায়ক জয়প্রকাশ নারায়ণ হাসপাতালের মেডিকেল সুপার জানিয়েছেন, ১৫ জনকে গুরুতর আহত অবস্থায় হাসপাতালে নিয়ে আসা হয়। পথেই প্রাণ হারান ৮ জন। তিনজনের অবস্থা অত্যন্ত সংকটজনক।

রাষ্ট্রপতি দ্রৌপদী মুমু, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং দিল্লি বিস্ফোরণে মৃত ব্যক্তিদের প্রিয়জনদের প্রতি গভীর সমবেদনা প্রকাশ করেছেন। তারা আহতদের দ্রুত আরোগ্য কামনা করেছেন। প্রধানমন্ত্রী জানিয়েছেন যে তিনি স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শা এবং সংশ্লিষ্ট অন্যান্যদের সঙ্গে পরিস্থিতি পর্যালোচনা করেছেন।

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীও ঘটনায় গভীর শোক প্রকাশ করেছেন। নিহতদের পরিবারকে সমবেদজানানোর পাশাপাশি আহতদের দ্রুত আরোগ্য কামনা করেন।

কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খাড়ো, কংগ্রেস নেতা রাহুল গান্ধী, সি পি আই এমের সাধারণ সম্পাদক এম এ বেবি, সি পি আই এম এলের সাধারণ সম্পাদক দীপঙ্কর ভট্টাচার্য, দিল্লি বিস্ফোরণের তীব্র নিন্দা করেছেন। মৃত মানুষদের পরিবার পরিজনদের প্রতি সমবেদনা প্রকাশ করে আহতদের দ্রুত আরোগ্য কামনা করেছেন এবং ভয়াবহ এই বিস্ফোরণের ঘটনার পূর্ণাঙ্গ তদন্তের দাবী জানিয়েছেন।

দিল্লির বিস্ফোরণের প্রেক্ষিতে কলকাতাতেও জারি করা হয়েছে চূড়ান্ত সতর্কতা। পুলিশ সূত্রে জানা গেছে শহরের বিভিন্ন গুরুত্বপূর্ণ জায়গায় নিরাপত্তা আঁটো সাঁটো করা হয়েছে। সমস্ত থানা এলাকায় চলেছে নাকা চেকিং। সব যানবাহনও তল্লাশি করা হচ্ছে। পুলিশ কুকুর নিয়ে চলেছে তল্লাশি। মেট্রো স্টেশনের গেটগুলিতে তল্লাশি জোরদার করা হচ্ছে। পূর্ব রেলেরও সমস্ত শাখায় কড়া সতর্কতা জারি করে হয়েছে। সব ট্রেনে কঠোর নজরদারির নির্দেশ দেওয়া হয়েছে। জরুরী পরিস্থিতি মোকাবিলায় গঠন করা হয়েছে কুইক রেসপন্স টিম। কলকাতার বিভিন্ন জায়গার মোড়ে মোড়ে মোতায়েন করা হয়েছে পুলিশ। হাওড়া ও শিয়ালদা স্টেশন, বিমানবন্দর ও বন্দর এলাকায় রাতভর চলেছে বিশেষ নজরদারি। রাস্তায় সন্দেহভাজন কাউকে দেখলেই পুলিশ তাদের জিজ্ঞাসাবাদ করছে। হাওড়ার বিভিন্ন রাস্তা, টোল ও ব্রিজ সংলগ্ন এলাকাতেও চলেছে নাকা চেকিং।

উত্তরবঙ্গের গুরুত্বপূর্ণ রেল স্টেশন নিউ জলপাইগুড়িতেও নিরাপত্তা আরও জোরদার করা হয়েছে। জায়গায় জায়গায় বিশেষ পুলিশ পোস্ট করা হয়েছে।

দিল্লিতে ভয়াবহ বিস্ফোরণের পর যখন কলকাতা শহরের সর্বত্র হাই অ্যালার্ট জারি করা হয়েছে তখন তারই মধ্যে গত সন্ধ্যায় ৩১ তম আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবে উঠে এসেছে ভুয়ো কার্ডের অভিযোগ। ধরা পড়েছে ৩৫৭ টি জাল কার্ড। দর্শকদের নিরাপত্তার কথা মাথায় রেখে উৎসব কর্তৃপক্ষ ইতোমধ্যেই পুলিশকে বিষয়টি সম্পর্কে অবহিত করেছে। এরই মধ্যে কলকাতা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবের আজ ষষ্ঠ দিন।

একটি প্রতিবেদন

এনুমারেশন ফর্মে ভোটারের ছবি বাধ্যতামূলক নয় বলে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতর জানিয়েছে। ফর্মে নির্দিষ্টভাবে ভোটারের পাসপোর্ট সাইজের ছবি লাগানোর জায়গা থাকলেও তা গ্রাহ্যিক । অতিরিক্ত মুখ্য নির্বাচনী আধিকারিক অরিন্দম নিয়োগী জানিয়েছেন, এনুমারেশন ফর্মে ছবি লাগানো বাধ্যতামূলক, এধরনের কোনও নির্দেশিকা দেয়নি নির্বাচন কমিশন। ফর্মে ছবির জায়গা নির্দিষ্ট আছে তবে তা যে বাধ্যতামূলক সে রকম কোন উল্লেখ নেই। ফলে ছবি লাগানোর বিষয়টি গ্রাহ্যিক বলেই ধরে নেওয়া যেতে পারে।

এদিকে, রাজ্যে ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধন কর্মসূচী বা SIR এর কাজে নিযুক্ত বুথ লেভেল আধিকারিক বা BLO রা যথাযথ ভাবে কাজ না করলে তাদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশ দেওয়া হয়েছে। মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল, নির্বাচন কমিশনের নিয়ম বহির্ভূত ভাবে কাজ করলে সংশ্লিষ্ট BLO দের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করার জন্যে সমস্ত জেলা নির্বাচনী আধিকারিকদের নির্দেশ দিয়েছেন। অতিরিক্ত মুখ্য নির্বাচনী আধিকারিক অরিন্দম নিয়োগী এ কথা জানিয়ে বলেন, এখনো পর্যন্ত অবশ্য কোনো BLO র বিরুদ্ধে শো কজ বা ব্যবস্থা গ্রহনের খবর নেই।

তিনি আরও বলেন, BLO রা সংশ্লিষ্ট ব্যক্তির বাড়িতে না গিয়ে অন্য কোনো ভাবে ফর্ম বিলি করছেন এই ধরনের অভিযোগের ভিত্তিতে এই নির্দেশ। BLO দের বিরুদ্ধে কোনো অভিযোগ জানানোর থাকলে জেলা নির্বাচনী আধিকারিক ও রাজ্য

নির্বাচনী আধিকারিকের দণ্ডে তা জানানো যাবে। এব্যাপারে কড়া নজরদারি চালানো হচ্ছে।

অন্যদিকে, এসআইআর-এর ক্ষেত্রে প্রতিটি রাজনৈতিক দল সর্বতোভাবে সাহায্য করছে বলেও অরিন্দম বাবু আকাশবাণীর সঙ্গে এক একান্ত সাক্ষাতকারে জানান। তিনি বলেন, এসআইআরকে সুষ্ঠুভাবে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য মুখ্য নির্বাচনী আধিকারিক সবকটি স্বীকৃত রাজনৈতিক দলের সঙ্গে আলোচনা করেছেন এবং প্রত্যেকেই সবরকমভাবে সাহায্যের প্রতিশ্রুতি দিয়েছে। এপ্রসঙ্গে তিনি জানান, যারা বৈধ ভোটার তাদের চিন্তিত হওয়ায় কোনো কারণ নেই। এই প্রক্রিয়া চালানো হচ্ছে কেবলমাত্র অবৈধ ভোটার এবং যারা অন্যত্র চলে গেছেন কিংবা মৃত, তাদের নাম বাদ দেওয়ার জন্য।

ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধনী বা এসআইআর নিয়ে আগামীকাল (১২ই নভেম্বর) প্রচারিত হবে একটি বিশেষ আলোচনা। এতে অংশ নিয়েছেন পশ্চিমবঙ্গের অতিরিক্ত মুখ্য নির্বাচনী আধিকারিক অরিন্দম নিয়োগী। তাঁর সঙ্গে কথা বলেছেন সন্দীপন দাশগুপ্ত। অনুষ্ঠানটি শোনা যাবে রাত সাড়ে ৯-টা থেকে গীতাঞ্জলী প্রচার তরঙ্গে এবং ডিটিএইচ পরিষেবায়।

তৃণমূল কংগ্রেসের শিবির থেকে এসআইআর ফর্ম পূরণ না করানোর আর্জি জানিয়েছে বিজেপি। কলকাতায় গতকাল এক সাংবাদিক বৈঠকে বিরোধী দলনেতা

শুভেন্দু অধিকারী অভিযোগ করেন, শাসক দলের শিবিরে আবেদন পত্র ভুলভাবে পূরণ করা হচ্ছে। এর ফলে তা বাতিল হয়ে যাওয়ার সম্ভাবনা রয়েছে।

(বাইট - শুভেন্দু)

রাজ্যে সাম্প্রতিক কয়েকটি মৃত্যুর প্রসঙ্গ উল্লেখ করে বিরোধী দলনেতা বলেন, পরিকল্পিতভাবে এই ঘটনাগুলির জন্য এসআইআর-কে দায়ী করছে তৃণমূল কংগ্রেস। পরিবারের ওপরেও এনিয়ে, চাপ তৈরি করা হচ্ছে বলে তাঁর অভিযোগ।

প্রত্যন্ত ও গ্রামীণ এলাকায় অত্যাধুনিক চিকিৎসা পরিষেবা পৌঁছে দিতে রাজ্য সরকার ২১০ টি নতুন মোবাইল মেডিক্যাল ইউনিট চালু করছে। মুখ্যমন্ত্রী তথা স্বাস্থ্যমন্ত্রী মমতা ব্যানার্জি, আজ, স্বাস্থ্য ভবন থেকে এই ইউনিটগুলির উদ্বোধন করবেন। প্রতিটি ইউনিটে থাকবে চিকিৎসক, নার্স এবং প্রয়োজনীয় চিকিৎসা সরঞ্জাম। রাজ্যের বিভিন্ন জেলায় ঘুরে এই ইউনিটগুলি, সাধারণ মানুষকে প্রাথমিক স্বাস্থ্য পরিষেবা দেবে। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দফতরের উদ্যোগে এই অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী আরও কয়েকটি নতুন প্রকল্পের সূচনাও করবেন বলে নবান্ন সূত্রে জানা গিয়েছে।

উল্লেখ্য, গত ১২ আগস্ট রাজ্য মন্ত্রিসভার বৈঠকে রাজ্যজুড়ে ২১০ টি মোবাইল মেডিক্যাল ইউনিট চালু করার সিদ্ধান্ত নেওয়া হয়। কিছু ইউনিটে উন্নত পরিষেবা যেমন এক্স-রে এবং আলট্রাসাউন্ডের মতো সুবিধা থাকবে। ডাক্তার ও নার্সের পাশাপাশি প্রতিটি ইউনিটে বিশেষ অ্যাটেনডেন্টও রাখা হবে বলে স্বাস্থ্য দফতর সূত্রে খবর।

উৎসবের রেশ কাটতেই রাজ্য ডেঙ্গু সংক্রমণের উর্ধ্বমুখী হার উদ্বেগজনক হয়ে উঠেছে। স্বাস্থ্য দপ্তরের সর্বশেষ রিপোর্ট অনুযায়ী, অঞ্চোবরের শেষ দুই সপ্তাহে নতুন করে ১ হাজার ৬৩২ জনের শরীরে ডেঙ্গু ভাইরাসের অস্তিত্ব মিলেছে। গোটা অঞ্চোবর মাসে আক্রান্ত হয়েছেন প্রায় ৩ হাজার ২-শো জন।

চলতি বছরের শুরু থেকে ৩১ অঞ্চোবর পর্যন্ত রাজ্য মোট আক্রান্তের সংখ্যা দাঁড়িয়েছে ১২ হাজার ৫০৩ জন।

স্বাস্থ্য দপ্তর সূত্রে খবর, সংক্রমণের নিরিখে শীর্ষে রয়েছে উত্তর ২৪ পরগনা জেলা। সেখানে আক্রান্ত ২,৩২৬ জন। তার পরেই রয়েছে মুর্শিদাবাদ, ওই জেলাতেও আক্রান্তের সংখ্যা ২ হাজার ছাড়িয়েছে। স্বাস্থ্য দপ্তর জানিয়েছে, জেলাগুলিতে নজরদারি, ফগিং এবং সচেতনতামূলক প্রচার আরও জোরদার করা হয়েছে। বিশেষত যেখানে সংক্রমণ বেশি, সেইসব ব্লকে অতিরিক্ত স্বাস্থ্যকর্মী মোতায়েনের নির্দেশও দেওয়া হয়েছে।

পতঙ্গবিদদের মতে, দুর্গাপুজো ও কালীপুজোর সময়ে খোলা মণ্ডপ, জমে থাকা জল এবং অপর্যাপ্ত নিকাশি ব্যাবস্থাই সংক্রমণ বৃদ্ধির অন্যতম কারণ।

রাজ্য জুড়ে শীতের আমেজ। দক্ষিণবঙ্গে তাপমাত্রা আজ এক ধাক্কায় আরো খানিকটা কমেছে। আলিপুরে সাকলে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ১৮ দশমিক দুই ডিগ্রি সেলসিয়াস স্বাভাবিকের তুলনায় যা তিন ডিগ্রি কম। গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ছিল স্বাভাবিকের থেকে প্রায় ২ ডিগ্রি নীচে, ২৯ দশমিক ১ ডিগ্রি সেলসিয়াস। পশ্চিমের জেলাগুলিতেও সর্বনিম্ন তাপমাত্রা স্বাভাবিকের তুলনায় ৩ থেকে ৪ ডিগ্রি কম।

তবে দার্জিলিংয়ের পাহাড়ি এলাকা বাদে উত্তরবঙ্গের জেলাগুলিতে সর্বনিম্ন তাপমাত্রা দক্ষিণবঙ্গের থেকে কিছুটা বেশি। আলিপুরদুয়ার, কোচবিহার, জলপাইগুড়ি, পুড়িবাড়ি সব জায়গাতেই গতকাল সর্বনিম্ন তাপমাত্রা ১৭ থেকে ১৯ ডিগ্রির মধ্যে ঘোরাফেরা করে।

রক্ষণাবেক্ষণ কাজের জন্য আজ (11.11.2025) রাত ১১ টা ৪৫ মিনিট থেকে আগামীকাল (12.11.2025) ভোর রাত সাড়ে তিনটে পর্যন্ত মোট ২২৫ মিনিট পূর্বেরেলের শিয়ালদা ডিভিশনের শিয়ালদা ও বিধাননগর স্টেশনের মধ্যে ১ নম্বর ব্রিজের ৫ নম্বর লাইনে ট্র্যাফিক ও পাওয়ার ব্লক থাকবে। এই কারণে আজ ও কাল বেশ কয়েকটি ট্রেন বাতিল করা হয়েছে।

রেল সূত্রে জানা গেছে, আপ ও ডাউন শিয়ালদা - ডানকুনি লোকাল, শিয়ালদা - নেহাটি লোকাল, আজ বাতিল থাকবে। এছাড়া, (11.11.2025) শান্তিপুর - শিয়ালদা লোকাল ব্যারাকপুর স্টেশন পর্যন্ত যাবে।

এ ছাড়াও আগামীকাল (12.11.2025) 31511 শিয়ালদা - শান্তিপুর লোকাল ব্যারাকপুর থেকে যাত্রা শুরু করবে। এছাড়া আগামীকাল (12.11.2025) 53171 শিয়ালদা - লালগোলা প্যাসেঞ্জার শিয়ালদা থেকে ভোর তিনটে ৪৫ মিনিটের পরিবর্তে ভোর ৪ টে ১৫ মিনিটে ছাড়বে বলে রেল সূত্রে জানা গেছে।
